

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জবুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৬২

তারিখ: ১৩ মাঘ ১৪২৬

২৭ জানুয়ারি ২০২০

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জবুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ২৭ জানুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:  
দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চ চাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষ রাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহঃ টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, সীতাকুন্ড, কুমিল্লা, শ্রীমঙ্গল, রাজশাহী, পাবনা, নওগাঁ, যশোর, চুয়াডাঙ্গা ও কুমারখালি অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মাঝারী থেকে ঘন শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু কিছু জায়গায় প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৪.০	২৩.৪	২৯.০	২৩.৬	২৩.০	২৪.০	২৫.১	২৫.২
সর্বনিম্ন তাপমাত্রা	০৯.৭	১১.৫	০৯.৫	০৮.৬	০৯.০	০৭.৮	০৭.৮	১০.৩

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ২৯.০° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা

ঠেঁতুলিয়া ও যশোর ০৭.৮°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ২৫/০১/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৬/০১/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৩টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	০	০	০
৭।	চট্টগ্রাম	৪	০	০
৮।	খুলনা	৫	০	০
	মোট	২৩	০	০

দেয়াল ধসঃ

ঢাকাঃ জেলা প্রশাসন, ঢাকা স্মারক নং ৫১.০১.২৬০০.০১৮.৪০.০০৩.১৯.৯২(৬) তারিখ ২৬.০১.২০২০ এর মাধ্যমে জানিয়েছে যে, গত ২৬.০১.২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক

সকাল ১০.০০ ঘটিকায় কেরাণীগঞ্জ উপজেলাধীন কালিন্দী ইউনিয়নের গোকপাড় (মুক্তিরবাগ) এলাকায় জনৈক ব্যক্তির নির্মানাধীন দেয়াল ধসে সৃষ্ট দুর্ঘটনায় ২ (দুই) জন আহত এবং ২ (দুই) জন নিহত হয়। নিহত ও আহতদের স্থানীয়ভাবে উদ্ধার করে মিটফোর্ড হাসপাতালে ভর্তি করা হলে কর্তব্যরত চিকিৎসক মৃত দুই জনের ময়না তদন্তের ব্যবস্থা নেন এবং আহতদের তাৎক্ষণিকভাবে পঞ্জি হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য প্রেরণ করেন। দুর্ঘটনায় নিহত ব্যক্তির মরদেহ ময়না তদন্ত শেষে পরিবারের স্বজনদের নিকট হস্তান্তর করা হয়েছে। মরদেহ দাফন-কাফন ব্যয় বাবদ মানবিক সহায়তা হিসেবে তাৎক্ষণিকভাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ হতে প্রত্যেক পরিবারকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং আহতদের চিকিৎসা বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে ১০,০০০/- (দশ হাজার) টাকাজেলাপ্রশাসনের মাধ্যমে বিতরণ করা হয়েছে। আহত ও নিহত ব্যক্তিগণের বিবরণ নিম্নরূপঃ

ক্রঃনং	আহত	নিহত
১	জনাব মোঃ বুবেল (২৮) (শ্রমিক), পিতা- শহীদ গাজী, গ্রাম- কলাপাড়া, জেলা- পটুয়াখালী।	জনাব মোঃ রহিম (৭) (মাদ্রাসার ছাত্র), পিতা- মোঃ আওকাদ হোসেন, গ্রাম- গোকপাড় (নুরবাগ), কালিন্দী।
২	জনাব হারুন শিকদার (৬৫) (শ্রমিক), পিতা- ইসমাইল শিকদার, গ্রাম- গোসাইরহাট, জেলা- শরীয়তপুর।	জনাব মোঃ বাবু (৩০) (শ্রমিক), পিতা- নাগর আলী বেপারী, গ্রাম- চরতলা, উপজেলা- পাতারহাট, জেলা- বরিশাল।

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১  
এনডিআরসিসি অধিশাখা  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৬২/১(৬৫)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১৮-১-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

তারিখ: ১৩ মাঘ ১৪২৬

২৭ জানুয়ারি ২০২০



১৮-১-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা